ত্রি-নথিতে
২৬/০৪/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(সাধারণ শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০০০.০১৩.৫৫.০০৩৯.২৪(২)- ১১৯/১

তারিখ : ০৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২২ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির শুভ উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপন সংক্রান্ত।

সূত্র : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া-২ শাখার ২১ এপ্রিল ২০২৬ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ মে ২০২৬ তারিখ বেলা ৩.০০ টায় সিলেট জেলা স্টেডিয়ামে 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' জাঁকজমকপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে একযোগে দেশব্যাপী উদ্বোধন করা হবে। সিলেটে এ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে একযোগে সারাদেশে সকল জেলায় এ প্রতিযোগিতার শুভ সূচনা হবে। এই ক্রীড়া উৎসবে ১২-১৪ বছর বয়সী প্রতিভাবান শিশু-কিশোররা মোট ৮টি ইভেন্টে অংশগ্রহণের সুযোগ পাবে। ইভেন্টগুলো হবে ফুটবল, ক্রিকেট, কাবাডি, ব্যাডমিন্টন, মার্শাল আর্ট, দাবা, সাঁতার ও অ্যাথলেটিক্স।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ০২ মে ২০২৬ তারিখে এ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত:......০২ (দুই)...... ফর্দ।

২২.৪.২৬
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ময়মনসিংহ
টেলিফোন-০২৯৯৬৬-৬৫৭৫৫(অফিস)
Email: adcgmymensingh@mopa.gov.bd

প্রাপক:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। উপজেলা নির্বাহী অফিসার .......... (সকল), ময়মনসিংহ
২। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ
৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ

অনুলিপি :

০১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। অফিস কপি।

স্মারক নং-জেশিঅ/ময়মন/২০২৬/৬২৮    বিষয়টি অতীব জরুরী    তারিখ : ২৫/০৪/২০২৬ খ্রি.

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ। (পত্রের মর্মানুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির শুভ উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

২। অফিস নথি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫। সংরক্ষণ নথি।

২৫/০৪/২৫
(মোহছিনা খাতুন)
জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।
☎ ০২৯৯৬৬৬২২৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.১৬৭

তারিখ: ৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির শুভ উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলা পর্যায়ে অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রম সহযোগিতা ও সমন্বয়করণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। আগামী ০২ মে ২০২৬ তারিখ বেলা ৩.০০ টায় সিলেট জেলা স্টেডিয়ামে 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' জাকজমকপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে একযোগে দেশব্যাপী উদ্বোধন করা হবে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি, উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সিলেটে এ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে একযোগে সারাদেশে সকল জেলায় এ প্রতিযোগিতার শুভ সূচনা হবে। এই ক্রীড়া উৎসবে ১২-১৪ বছর বয়সী প্রতিভাবান শিশু-কিশোররা মোট ৮টি ইভেন্টে অংশগ্রহণের সুযোগ পাবে। ইভেন্টগুলো হবে ফুটবল, ক্রিকেট, কাবাডি, ব্যাডমিন্টন, মার্শাল আর্ট, দাবা, সাঁতার ও অ্যাথলেটিক্স। সকল জেলার সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী, মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা, প্রতিমন্ত্রী, প্রতিমন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা ও সংসদ সদস্যগণ উপস্থিত থেকে জেলার উদ্বোধনী অনুষ্ঠানকে প্রাণবন্ত ও সৌন্দর্যমণ্ডিত করবেন মর্মে প্রত্যাশা করা হচ্ছে।

০৩। উল্লেখ্য, 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচিতে শিশু কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশ নিশ্চিতকরণ ও ব্যাপক প্রচারণার উদ্দেশ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ও মাদ্রাসা ও কারিগরি বিভাগকে ও উপজেলা পর্যায়ে অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রম গ্রহণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরকে ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রমে সহযোগিতা ও সমন্বয় করা প্রয়োজন।

০৪ এমতাবস্থায়, আগামী ০২ মে ২০২৬ তারিখে এ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রমে সহযোগিতা ও সমন্বয়করণসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২১-০৪-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

জেলা প্রশাসক (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.১৭৩

তারিখ: ৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক আয়োজিতব্য 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি একযোগে সারাদেশে উদ্বোধনসহ কর্মসূচিটি যথাযথভাবে বাস্তবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে দক্ষ ক্রীড়াবিদ গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' কর্মসূচিকে সাফল্যমন্ডিত করতে এ যাবত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আগামী ০২ মে ২০২৬ তারিখ সিলেটে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এম,পি, জাঁকজমকপূর্ণ পরিবেশে 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' শুভ উদ্বোধন করবেন। সিলেটে এ উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে একযোগে সারাদেশে সকল জেলায় এ প্রতিযোগিতার শুভ সূচনা হবে। সকল জেলার সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী, মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা, প্রতিমন্ত্রী, প্রতিমন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা ও সংসদ সদস্যগণ উপস্থিত থেকে জেলার উদ্বোধনী অনুষ্ঠানকে প্রাণবন্ত ও সাফল্যমন্ডিত করবেন মর্মে প্রত্যাশা করা হচ্ছে।

১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের ব্যাপক অংশগ্রহণে ০৮টি ইভেন্টে (ফুটবল, ক্রিকেট, কাবাডি, ব্যাডমিন্টন, মার্শাল আর্ট, দাবা, সাঁতার ও অ্যাথলেটিক্স) অনুষ্ঠিতব্য এ প্রতিযোগিতাকে সাফল্যমন্ডিত করতে নিম্নলিখিত বিষয়ে জেলা প্রশাসকগণের সক্রিয় এবং ঐকান্তিক হস্তক্ষেপ কামনা করা হচ্ছে:

ক. উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে আগামী ২৭ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন বুথ চালু করা। প্রতিযোগীগণ অনলাইনের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে উক্ত কার্যালয়ে অফলাইন রেজিস্ট্রেশন নিশ্চিত করা;

খ. সকল শিক্ষা প্রতিষ্ঠানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ব্যানারের সফটকপি/লিংক অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের দৃষ্টিগোচর স্থানে ব্যানার স্থাপনের মাধ্যমে শিশু-কিশোরদের ব্যাপক অংশগ্রহন নিশ্চিত করা। প্রতিষ্ঠানের প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানে প্রতিযোগীদের Online Registation নিশ্চিত করবেন;

গ. Online Registation এর সুবিধার্থে ইউনিয়ন পরিষদে অবস্থিত ইউনিয়ন ডাটা সেন্টারের মাধ্যমে বিনামূলে আগ্রহী শিশু-কিশোরদের রেজিস্ট্রেশন নিশ্চিত করা এবং **বিনামূল্যে Registration** এর বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা করা;

ঘ. যথাযথ বাছাইয়ের মাধ্যমে আগামী ২৯ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে সকল ইভেন্টে ছেলে ও মেয়েদের জন্য প্রত্যেক উপজেলার পৃথক পৃথক দল গঠন এবং ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে গঠিত দলের খেলোয়াড়দের তালিকা জেলা পর্যায়ে প্রেরণ করা;

ঙ. বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণকারী উপজেলা প্রতিযোগী দলের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে যথাযথ পোশাক সরবরাহ নিশ্চিত করা; এবং

চ. 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' পরিচালনার ক্ষেত্রে 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' নির্দেশিকা অনুসরণ করা।

০২। এমতাবস্থায়, উদ্বোধনী অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের জন্য উল্লিখিত কার্যক্রম গ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০৪-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব